# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 28 May, 2025

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের (বিআরটিসি) বাস ও মাহিন্দ্রের সংঘর্ষে তিনজন নিহত হয়েছে।এ ঘটনায় আহত হয়েছে আরও ৬ জন।

বুধবার (২৮ মে) সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে ময়মনসিংহ-কিশোরগঞ্জ মহাসড়কে ঈশ্বরগঞ্জ পৌর শহরের দত্তপাড়া এলাকায় এই ঘটনা ঘটে।

নিহতদের মধ্যে দুইজন পুরুষ ও একজন নারী রয়েছে।তবে তাৎক্ষণিক তাদের পরিচয় শনাক্ত করতে পারেনি পুলিশ ও ফায়ারসার্ভিস।

ময়মনসিংহ ফায়ার সার্ভিসের উপ-সহকারি পরিচালক মো. আতিকুর রহমান দুর্ঘটনার তিনজন নিহতের বিষয়টি নিশ্চিত করেছেন।

প্রত্যক্ষদর্শী জানান, ঘটনাস্থলে একটি সিএনজি যাত্রী নামাচ্ছিল।এ সময় পেছন থেকে আসা একটি যাত্রীবাহী মাহেন্দ্র সিএনজিকে ওভারটেক করে যেতে চাইলে বিপরীত দিক থেকে আসা বিআরটিসি বাসের সঙ্গে মাহেন্দ্রের মুখোমুখি সংর্ঘষ হয়।এতে ঘটনাস্থলে তিনজন নিহত হয়। এই ঘটনায় আহত হয় আরও ৬ জন।আহত ৬ জনের মাঝে দুই জনের অবস্থা গুরুতর হওয়ায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

ঈশ্বরগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: সাদিয়া তামনিম মুনমুন বলেন, এ ঘটনায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৬ জন  আনা হয়েছে।এন মধ্যে আশঙ্কাজনক অবস্থয়া ২ জনকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

ঈশ্বরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ওবায়দুর রহমান বলেন, মরদেহগুলোর পরিচয় শনাক্তের চেষ্টা চলছে।পরে বিস্তারিত জানানো হবে।

সংঘর্ষ নিহত সড়ক দুর্ঘটনা আহত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:26

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/8645663081